

নবজীবন

আর, কাহারো কাছে যাবো না আমি,
তোমরি কাছে র'ব হে;
আর, কাহারো সাথে, ক'ব না কথা,
তোমরি সাথে, ক'ব হে!
ঐ, অভয়-পদ, হৃদয়ে ধরি',
ভুলিব দুঃখ, সব হে!
হেসে তোমরি দেওয়া, বেদনা-ভার,
হৃদয়ে তুলি', ল'ব হে
তব, করুণামৃত-পানে, হবে
কঠিন চিত্র দ্রব হে;
আমি পাইব তব, আশিস্-ভরা,
জীবন অভিনব হে